# বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন

আইসিটি বিভাগ, বিসিআইসি, ঢাকা।

**বিষয়: ইনোভেশন টিম/কমিটির মাসিক নিয়মিত ৩২তম (২০২২-২০২৩ অর্থ বছরের ৩য়) সভার কার্যবিবরণী।**

১৬ নভেম্বর, ২০২২ তারিখ বুধবার সকাল ৯:৩০ ঘটিকায় সংস্থার পরিচালক (কারিগরি ও প্রকৌশল) এবং ইনোভেশন অফিসার জনাব মোঃ মনিরুল ইসলাম এর সভাপতিত্বে বিসিআইসি এর ৫ম তলার কনফারেন্স রুমে ইনোভেশন টিম/কমিটির নিয়মিত সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ইনোভেশন টিম/কমিটির সদস্য/কর্মকর্তাদের নামের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) নিম্নরূপ:

| ক্রম | নাম | পদবী |
|---|---|---|
| ১ | জনাব মোঃ শাহীন কামাল | পরিচালক (উৎপাদন ও গবেষণা) ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ২ | জনাব এ বি এম ফেরদৌস | মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ ও সদস্য-সচিব, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৩ | জনাব এস. এম. সোহেল আহাম্মদ | হিসাব নিয়ন্ত্রক ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৪ | জনাব মোহাম্মদ জাকির হোসেন | কর্মচারী প্রধান ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৫ | মীর মনির হোসেন | মহাব্যবস্থাপক, পিআইডি ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৬ | মো: নূরুল ইসলাম | মহাব্যবস্থাপক, এমটিএস বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৭ | জনাব মোঃ আখতারুজ্জামান | মহাব্যবস্থাপক, পরিকল্পনা বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৮ | জনাব মোঃ মেফতাউল ইসলাম | বিভাগীয় প্রধান, আরপিডি ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৯ | জনাব মোঃ সলেহ ইবনে শমসের | মহাব্যবস্থাপক, উৎপাদন বিভাগ (আমন্ত্রণক্রমে) |

২.০ সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রথমে বিগত ১২ সেপ্টেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত ২০২২-২০২৩ অর্থ বছরের ২য় (নিয়মিত ৩১তম) সভার কার্যবিবরণী উপস্থাপন করলে সিদ্ধান্তসমূহ ৫.৮, ৫.৯ এবং ৫.১০ গত সভায় আলোচনা না হওয়ায় কার্যবিবরণী থেকে বাদ দেযা হয়। উক্ত সংশোধনীসহ কার্যবিবরণী নিশ্চিত করা হলো। সভায় সর্বসম্মতক্রমে তা গৃহীত হয়।

৩.০ সভায় এ পর্যায়ে সভাপতি মহোদয় ২০২২-২০২৩ অর্থ বছরের ২য় সভার সিদ্ধান্ত অনুযায়ী বাস্তবায়ন প্রতিবেদন ও এতদসংক্রান্ত তথ্য উপাত্ত উপস্থাপন করার জন্য ইনোভেশন কমিটি'র সদস্য সচিব জনাব এ বি এম ফেরদৌস, মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ-কে অনুরোধ করেন।

৪.০. আলোচনা:

৪.১) ইনোভেশন কমিটি'র সদস্য সচিব জনাব এ বি এম ফেরদৌস, মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ, বিসিআইসি ২০২২-২০২৩ অর্থ বছরের ২য় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি নিম্নোক্তভাবে উপস্থাপন করেন।

<table>
<tr><th>ক্রম</th><th>সিদ্ধান্ত</th><th>অগ্রগতি</th></tr>
<tr><td>৫.১</td><td>ইনোভেশন কমিটির ২০২২-২০২৩ অর্থ বছরের সভা নিম্নোক্ত তারিখ অনুযায়ী আয়োজন করার জন্য সচেষ্ট থাকতে হবে:
<table>
<tr><th>ক্রম</th><th>নিয়মিত সভা</th><th>২০২২-২০২৩ অর্থ বছরের সভা</th><th>তারিখ</th><th>সময়</th><th>বার</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১</td><td>৩২তম</td><td>৩য়</td><td>০৯/১১/২০২২</td><td>সকাল ১০:০০ ঘটিকা</td><td>বুধবার</td><td rowspan="4">নির্ধারিত লক্ষ্যে অর্জন করা হবে</td></tr>
<tr><td>২</td><td>৩৩তম</td><td>৪র্থ</td><td>০৪/০১/২০২৩</td><td>সকাল ১০:০০ ঘটিকা</td><td>বুধবার</td></tr>
<tr><td>৩</td><td>৩৪তম</td><td>৫ম</td><td>০৮/০৩/২০২৩</td><td>সকাল ১০:০০ ঘটিকা</td><td>বুধবার</td></tr>
<tr><td>৪</td><td>৩৫তম</td><td>৬ষ্ঠ</td><td>১০/০৫/২০২৩</td><td>সকাল ১০:০০ ঘটিকা</td><td>বুধবার</td></tr>
</table>
বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।</td><td>নির্ধারিত লক্ষ্যে অনুযায়ী অদ্য ১৬/১১/২০২২ তারিখে ৩য় সভা আয়োজন করা হয়েছে।</td></tr>
<tr><td>৫.২</td><td>মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত বিসিআইসি প্রধান কার্যালয়ের জন্য ই গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এ উল্লেখিত প্রশিক্ষণসমূহ প্রধান কার্যালয় ও কারখানা/প্রতিষ্ঠান পর্যায়ের কর্মকর্তা সমন্বয়ে বাস্তবায়নের জন্য নিম্নোক্ত সিডিউল অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নার্থে আর্থিক সংশ্লিষ্টতাসহ নথি উপস্থাপন করতে হবে। রিসোর্স পারসন বিষয়ে আলোচনান্তে সুনির্দিষ্ট প্রস্তাব দিতে হবে। তবে এ বিষয়ে সংস্থার চেয়ারম্যান (গ্রেড-১) মহোদয় চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করতে পারেন।</td><td>চলমান রয়েছে।</td></tr>
</table>

| ক্রম | ই গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা উল্লেখিত প্রশিক্ষণ/কর্মশালা বিষয় | অনুষ্ঠিত হওয়ার সম্ভাব্য তারিখ | সংশ্লিষ্টতা (জন) | সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | ৪র্থ শিল্প বিপ্লব চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা | ২৯-০৯-২০২২ | ৬০ | দিনব্যাপী | নির্ধারিত লক্ষ্য অর্জন করা হবে |
| ২. | ৪র্থ শিল্প বিপ্লব চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা | ২৭-১০-২০২২ | ৬০ | দিনব্যাপী | |
| ৩. | ই গভর্নেন্স ও কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ | ২৪-১১-২০২২ | ৬০ | দিনব্যাপী | |
| ৪. | ই গভর্নেন্স ও কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ | ২৯-১২-২০২২ | ৬০ | দিনব্যাপী | |
| ৫. | ই গভর্নেন্স ও কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ | ২৬-০১-২০২৩ | ৬০ | দিনব্যাপী | |
| ৬. | ই গভর্নেন্স ও কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ | ২৩-০২-২০২৩ | ৬০ | দিনব্যাপী | |

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

| | | |
|---|---|---|
| ৫.৩ | ২০২২-২০২৩ অর্থ বছরের প্রথম ধাপের উদ্ভাবনী কার্যক্রম যাচাই বাছাই এর লক্ষ্যে ২০ অক্টোবর ২০২২ তারিখ পর্যন্ত শেষ সময় দিয়ে নির্ধারিত ফরমেটে ইনোভেশন প্রস্তাব আহ্বান করে পত্র জারি করতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | বাস্তবায়িত |
| ৫.৪ | ২০২২-২০২৩ অর্থবছর থেকে ইনোভেশন পুরস্কার ২৫,০০০ (পচিঁশ হাজার) টাকা থেকে উন্নত করে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা প্রদানের প্রস্তাব করে নথি উপস্থাপন করতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | বাস্তবায়িত |
| ৫.৫ | "ডিএপিএফসিএল এর ব্যাগিং প্যাকারস্কেল চ্যুট মডিফিকেশন এর মাধ্যমে ব্যাগড্রপ ৬/৭ থেকে ১০/১১ এ উন্নীতকরণ" শিরোনামের ইনোভেশন পুরস্কার প্রদানে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের নিমিত্ত প্রধান প্রকৌশলী, এমটিএস বিভাগ ও মহাব্যবস্থাপক, উৎপাদন বিভাগ অনতিবিলম্বে সংস্থাধীন ডিএপিএফসিএল ভ্রমণ করে একটি প্রতিবেদন পরিচালক (কারিগরি ও প্রকৌশল) এবং ইনোভেশন অফিসার, বিসিআইসি রবাবর দাখিল করবেন।<br>বাস্তবায়নে: প্রধান প্রকৌশলী, এমটিএস বিভাগ, বিসিআইসি ও মহাব্যবস্থাপক, উৎপাদন বিভাগ বিসিআইসি। | বাস্তবায়িত |
| ৫.৬ | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ তৈরি করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | চলমান রয়েছে। |
| ৫.৭ | সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের জন্য পরবর্তীতে ইন্টিগ্রেশনের অপশন রেখে পেনশন সফটওয়্যার মডিউল বাস্তবায়নের জন্য অবিলম্বে উপস্থাপন করতে হবে।<br>বাস্তবায়নে: মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ ও সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | |
| ৫.৮ | ইএমডি থেকে জায়গা বরাদ্দ প্রাপ্তির সাথে সাথে গঠিত কমিটির প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে আইসিটি ল্যাব বাস্তবায়নের জন্য নথি উপস্থাপন করতে হবে।<br>বাস্তবায়নে: মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ ও সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | চলমান রয়েছে। |
| ৫.৯ | বিসিআইসি'র ইনোভেশন কমিটি কর্তৃক পরিদর্শনের জন্য দেশের মধ্যে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন করতে হবে।<br>বাস্তবায়নে: প্রধান প্রকৌশলী, এমটিএস বিভাগ, বিসিআইসি ও মহাব্যবস্থাপক, পরিকল্পনা বিভাগ বিসিআইসি। | পত্র দেওয়া হয়েছে। |
| ৫.১০ | ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় স্ব-স্ব কারখানা/প্রতিষ্ঠানে করণীয় বিষয়ে প্রস্তাব আহবান করে কারখানা/প্রতিষ্ঠান বরাবর পত্র প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়নে: মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ ও সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | পত্র দেওয়া হয়েছে। |

সভায় সিদ্ধান্ত ৫.৭ এর বিষয়ে জানতে চাওয়া হলে ইনোভেশন কমিটি'র সদস্য সচিব জনাব এ বি এম ফেরদৌস, মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ জানান এ বিষয়ে পিপিআর এক্সপার্ট এবং উর্ধ্বতন মহাব্যবস্থাপক (প্রশাসন) বিসিআইসি এর সাথে কথা হয়েছে এবং যোগাযোগ করা হয়েছে। আলাদা করে করতে গেলেও EOI এবং RFP করে করতে হবে। পুরো প্রক্রিয়াটা একই। একটা করতে যা লাগবে অংশবিশেষ করতেও তা লাগবে। সভায় আলোচনা হয় যে, প্রক্রিয়াটা শুরু করা যায় কিনা। ইনোভেশন কমিটি'র সদস্য

সচিব জনাব এ বি এম ফেরদৌস, মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ বলেন এ বিষয়ে ক্রয় বিভাগের পরামর্শ নেয়া যেতে পারে। সভায় সকলে এ বিষয়ে ঐকমত্য পোষণ করেন।

৪.২) সভায় ডিএপিএফসিএল এর পরিদর্শন প্রতিবেদন নিয়ে আলোচনা হয়। সভায় জানানো হয় যে, ডিএপিএফসিএল এর ব্যাগিং প্যাকারস্কেল চ্যুট মডিফিকেশন এর মাধ্যমে ব্যাগড্রপ ৬/৭ থেকে ১০/১১ এ উন্নীতকরণ" শিরোনামের ইনোভেশন পুরস্কার প্রদানে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের নিমিত্ত প্রধান প্রকৌশলী, এমটিএস বিভাগ ও মহাব্যবস্থাপক, উৎপাদন বিভাগ সমন্বয়ে কমিটি ডিএপিএফসিএল এ গমণ করেন ও সরেজমিনে পরিদর্শন করেন। কমিটি পরিদর্শন প্রতিবেদনে জনাব সামছুল আল আমিন, নির্বাহী প্রকৌশলী (কেমিক্যাল) কে পুরস্কার প্রদানের জন্য মনোনীত করার সুপারিশ করেছে। সভায় কমিটির সুপারিশ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

৪.৩) সভায় টিএসপিসিএল এর পরিদর্শন প্রতিবেদন নিয়ে আলোচনা হয়। সভায় জানানো হয় যে, টিএসপিসিএল সার কারখানার মিলিং-২ প্ল্যান্টে ব্যাগ ফিল্টার স্থাপন শিরোনামের ইনোভেশন পুরস্কার প্রদানে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের নিমিত্ত প্রধান প্রকৌশলী, এমটিএস বিভাগ ও মহাব্যবস্থাপক, উৎপাদন বিভাগ সমন্বয়ে কমিটি টিএসপিসিএল এ গমণ করেন ও সরেজমিনে পরিদর্শন করেন। কমিটি পরিদর্শন প্রতিবেদনে জনাব মো: আতাউর রহমান, ব্যবস্থাপনা পরিচালক কে পুরস্কার প্রদানের জন্য মনোনীত করার সুপারিশ সভায় কমিটির সুপারিশ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

৪.৪) সভায় এ পর্যায়ে আলোচ্যসূচি অনুযায়ী ২০২২-২০২৩ অর্থ বছরে "বার্ষিক ইনোভেশন পরিকল্পনা" "উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবান এবং প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো যাচাই-বাছাইপূর্বক তালিকা প্রকাশ" করার নিমিত্ত প্রথম ধাপে প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো নিম্নোক্তভাবে উপস্থাপন করা হয়।

| ক্রঃ নং | উদ্ভাবকের নাম, পদবী ও কর্মস্থল | উদ্ভাবনী ধারণার শিরোনাম |
|---|---|---|
| ১. | জনাব সেন সুখেন চন্দ্র, মহাব্যবস্থাপক(অপারেশন), টিএসপি কমপ্লেক্স লি:। | এসএ-২ প্ল্যান্টের সেকেন্ড ইকনোমাইজার আউটলেটে গ্যাসের তাপমাত্রা নিয়ন্ত্রণ, ডেমি ওয়াটার ড্রেনরোধসহ মাল্টিপল বেনিফিট অর্জন। |
| ২. | জনাব মোহাম্মদ ইব্রাহীম খলিল, উপ-প্রধান প্রকৌশলী (যাঃ), ডিএপি ফার্টিলাইজার কোম্পানী লিমিটেড। | ব্যাগিং-২ এর Sewing Slat Conveyer Belt(H-JD-201A) Modification করা। |
| | জনাব নবকৃষ্ণ সরদার, উপ-প্রধান রসায়নবিদ, ডিএপি ফার্টিলাইজার কোম্পানী লিমিটেড। | |
| ৩. | জনাব কাজী মাসউদুর রহমান, উপ-প্রধান প্রকৌশলী (বিদ্যুৎ), ডিএপি ফার্টিলাইজার কোম্পানী লিমিটেড। | প্ল্যান্ট-১ এর প্রাইমারী স্ত্রীন (S-251) Control System Modification করা। |
| ৪. | জনাব নবকৃষ্ণ সরদার, উপ-প্রধান রসায়নবিদ, ডিএপি ফার্টিলাইজার কোম্পানী লিমিটেড। | ব্যাগিং-২ এর বিভিন্ন Floor এর Dust Handling Modification কাজ সম্পাদন। |
| | জনাব খন্দকার মো: ফারুক হোসেন, নির্বাহী প্রকৌশলী (যা:), ডিএপি ফার্টিলাইজার কোম্পানী লিমিটেড। | |
| | জনাব সামছুল আল আমিন, নির্বাহী প্রকৌশলী (কেমিক্যাল), ডিএপি ফার্টিলাইজার কোম্পানী লিমিটেড। | |
| | জনাব রূপেন কান্তি বিশ্বাস, সহ: প্রকৌশলী (যা:), ডিএপি ফার্টিলাইজার কোম্পানী লিমিটেড। | |
| ৫. | জনাব শামীম আরা বেগম, অতিঃপ্রধান রসায়নবিদ, বাংলাদেশ ইনসুলেটর এন্ড স্যানিটারীওয়্যার ফ্যাক্টরী লিঃ (বিআইএসএফএল)। | ফিল্টার প্রেসের নিষ্কাশিত পরিসুত পানি ড্রেন না করে পুনরায় বলমিলে ব্যবহার করা। |
| ৬. | জনাব মো: শাহজাহান আলী, উপ-প্রধান রসায়নবিদ, বাংলাদেশ ইনসুলেটর এন্ড | স্যানিটারীওয়্যার ফিনিশিং শাখায় সৃষ্ট ডাস্ট ব্লাঞ্জারে কাস্টিং স্লিপে ব্যবহার করা। |

| ক্রঃ নং | উদ্ভাবকের নাম, পদবী ও কর্মস্থল | উদ্ভাবনী ধারণার শিরোনাম |
|---|---|---|
| | স্যানিটারীওয়্যার ফ্যাক্টরী লিঃ (বিআইএসএফএল)। | |
| ৭. | জনাব শামীম আরা বেগম, অতিঃপ্রধান রসায়নবিদ, বাংলাদেশ ইনসুলেটর এন্ড স্যানিটারীওয়্যার ফ্যাক্টরী লিঃ (বিআইএসএফএল)। | পরিত্যাক্ত স্যানিটারী গ্লেজ প্রসেসে পুনরায় ব্যবহার করা। |
| ৮. | জনাব মোঃ সিরাজুল ইসলাম, সহকারী প্রকৌশলী (পুর), চিটাগাং ইউরিয়া ফার্টিলাইজার লিমিটেড (সিইউএফএল)। | সিইউএফএল তথা সংস্থার অ্যামোনিয়া রিজার্ভার ট্যাঙ্কসমূহের নিরাপত্তা নিশ্চিত করা। |
| ৯. | জনাব মোঃ আল আমিন মুন্সি, নির্বাহী প্রকৌশলী (কেমিক্যাল), উসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরী লিঃ। | উসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরী লিঃ এর ২নং ফার্নেস আংশিক মেরামত করে উৎপাদন অব্যাহত রাখা। |
| ১০. | জনাব মোঃ আল আমিন মুন্সি, নির্বাহী প্রকৌশলী (কেমিক্যাল), উসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরী লিঃ। | শীট গ্লাস উৎপাদনে কাঁচামাল হিসেবে কারখানার পরিত্যাক্ত ও ময়লাযুক্ত ভাংগা কাঁচ (কালেট) এর ব্যবহার। |
| ১১. | জনাব তরিকুল আলম, সহকারী প্রকৌশলী, যমুনা ফার্টিলাইজার কোম্পানী লিমিটেড। | 3D Printing Technology ব্যবহারে মাধ্যমে High Voltage Panel (6.6kv) এ ব্যবহৃত অকেজো 86 Lockout Relay সমূহ পুন:ব্যবহার যোগ্য করে তোলা। |
| ১২. | জনাব মোঃ আব্দুল হাকিম, মহাব্যবস্থাপক (অপারেশন), যমুনা ফার্টিলাইজার কোম্পানী লিমিটেড। | জেএফসিএল ইউরিয়া গ্রানুলেশন প্ল্যান্ট ক্লিনিং কালীন ইউরিয়া প্ল্যান্টের লোড ডাউন না দিয়ে বিশেষ পদ্ধতিতে ক্লিনিং কার্যক্রম চলমান রাখার কৌশল। |
| ১৩. | জনাব মুহাম্মদ আসাদুজ্জামান, উপ-প্রধান রসায়নবিদ, শাহজালাল ফার্টিলাইজার কোম্পানী লিমিটেড। | ইউরিয়া ও এ্যামোনিয়া প্ল্যান্ট থেকে সরবরাহকৃত Process Condensate লাইনে ওয়াটার কুলার স্থাপন করা। |
| ১৪. | জনাব মোঃ সলেহ ইবনে শমসের, মহাব্যবস্থাপক, উৎপাদন বিভাগ, বিসিআইসি। | সময় এবং ম্যানপাওয়ার কম ব্যবহার করে কারখানাসমূহে ক্রয় প্রক্রিয়া সম্পূর্ণকরণ। |

পরবর্তী ইনোভেশন কমিটির ৪র্থ সভায় ২০২২-২৩ অর্থ বছরের প্রাপ্ত আরও ১৪টি উদ্ভাবনী ধারণার উপর প্রেরিত তথ্যের উপস্থাপন করতে হবে। এখান থেকে বাছাইকৃত ধারণা সমূহের উপর ৫ম সভায় উদ্ভাবনী ধারণা প্রস্তাবকারীগণ প্রেজেন্টেশন প্রদান করবেন।

৪.৫) ইনোভেশন কর্মপরিকল্পনায় নভেম্বরের মধ্যে 4IR বিষয়ক ১টি কর্মশালা আয়োজন করার বিষয়ে সচেষ্ট থাকতে হবে। বাকীগুলো আগামী জুন ২০২৩ মাসের ২য়/৩য় সপ্তাহে আয়োজন করার বিষয়ে সচেষ্ট থাকতে হবে। এ বিষয়ে সভায় ঐকমত্য পোষণ করা হয়। কর্মশালা আয়োজনের বিষয়ে বিসিআইসি'র চেয়ারম্যান (গ্রেড-১) মহোদয়ের নিকট থেকে তারিখ ও সদয় সম্মতি গ্রহণ করতে হবে।

৪.৬) সভায় পূর্ব প্রস্তুতি গ্রহণের লক্ষ্যে সভার নোটিশের সাথে পূর্বর্তী সভার কার্যবিবরণী পুনরায় প্রেরণ করার জন্য উপস্থিত সকলে ঐকমত্য পোষণ করেন।

৪.৭) সভার সভাপতি ও ইনোভেশন অফিসার জনাব মোঃ মনিরুল ইসলাম বলেন যে, ইনোভেশন কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নের ধারা অব্যহত রাখতে হবে।

৫. **সভার সিদ্ধান্তসমূহ:**

৫.১) সভায় পূর্ব প্রস্তুতি গ্রহণের লক্ষ্যে সভার নোটিশের সাথে পূর্ববর্তী সভার কার্যবিবরণী পুনরায় প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.২) বিসিআইসি'র চেয়ারম্যান (গ্রেড-১) মহোদয়ের নিকট থেকে তারিখ ও সদয় সম্মতি গ্রহণ করে ইনোভেশন কর্মপরিকল্পনার 4IR বিষয়ক কর্মশালা বিসিআইসি প্রধান কার্যালয় এবং নিয়ন্ত্রণাধীন কারখানা/প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধি নিয়ে নভেম্বর ২০২২ মাসের মধ্যে আয়োজন করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৩) ডিএপিএফসিএল এর জনাব সামছুল আল আমিন, নির্বাহী প্রকৌশলী (কেমিক্যাল) কে ব্যাগিং প্যাকারস্কেল চ্যুট মডিফিকেশন এর মাধ্যমে ব্যাগড্রপ ৬/৭ থেকে ১০/১১ এ উন্নীতকরণ" শিরোনামের ইনোভেশন পুরস্কার প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৪) টিএসপিসিএল এর জনাব মো: আতাউর রহমান, ব্যবস্থাপনা পরিচালক কারখানার মিলিং-২ প্ল্যান্টে ব্যাগ ফিল্টার স্থাপন শিরোনামের ইনোভেশন পুরস্কার প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৫) মন্ত্রণালয় থেকে গত ২০২১-২২ অর্থ বছরে উদ্ভাবনী ধারণা সম্পর্কিত ১টি রেটিং করা হয় ১,২,৩। এটার যে কোন ১টি ইনোভেশন কমিটি ভিজিট করবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৬) ২০২২-২০২৩ অর্থ বছরে ইনোভেশন হিসেবে পুরস্কার প্রাপ্ত হননি এমন সকল প্রস্তাব উপস্থাপনকারী কর্মকর্তাকে পূর্ব সিদ্ধান্ত অনুযায়ী letter of appreciation ও সনদ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৭) ইনোভেশন কমিটির ২০২২-২০২৩ অর্থ বছরের ৪র্থ সভায় প্রাপ্ত আরও ১৪টি উদ্ভাবনী ধারণার উপর প্রেরিত তথ্যের উপস্থাপন করতে হবে। এখান থেকে বাছাইকৃত ধারণা সমূহের উপর ৫ম সভায় উদ্ভাবন ধারণা প্রস্তাবকারীগণ প্রেজেন্টেশন প্রদান করবেন।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৮) বিসিআইসি কর্তৃপক্ষ কর্তৃক ২০২১-২০২২ অর্থ বছরে অনুমোদিত উদ্ভাবনী ধারণা "জেএফসিএল এর প্রাইমারী রিফরমার ক্যাটালিস্টের স্বল্পতার কারণে রিফরমার টিউবে রক্ষিত ব্যবহৃত ক্যাটালিস্ট পুনঃব্যবহার করার জন্য নিরাপদে টিউব থেকে অপসারণ করার কৌশল" এর উপর প্রদত্ত পুরস্কার জনাব মোঃ ছাইফুল ইসলাম, উপ-প্রধান রসায়নবিদ, জেএফসিএল গ্রহণ করতে না পারায় চলতি ২০২২-২০২৩ অর্থ বছরে উদ্ভাবনী পুরস্কার প্রদান অনুষ্ঠানের সময় প্রদান করার জন্য আইসিটি বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭-১১/২০২২

মোঃ মনিরুল ইসলাম
পরিচালক (কারিগরি ও প্রকৌশল)
এবং
ইনোভেশন অফিসার, বিসিআইসি।